"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ শাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.০৬.০০২.২৩-৩৮০

তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

## পরিপত্র

জাতীয় মাছ ইলিশ সম্পদ উন্নয়নের লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৯/০৫/২০১৭ তারিখের ৩৩.০০.০০০০.১২৭.০১.০০৯.১০-১৪৬ সংখ্যক পরিপত্রের মাধ্যমে গঠিত ইউনিয়ন টাস্কফোর্স কমিটি সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত "ইউনিয়ন টাস্কফোর্স কমিটি" পুনর্গঠন করা হলো:

**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| ক্রমিক নং | কমিটির সদস্য | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | সভাপতি | সংশ্লিষ্ট ইউনিয়ন |
| ২. | ইউনিয়ন পরিষদের সদস্য (সকল) | সদস্য | সংশ্লিষ্ট ইউনিয়ন |
| ৩. | স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি (কলেজ/উচ্চ বিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয়/মাদ্রাসা)-৪জন | সদস্য | সংশ্লিষ্ট ইউনিয়ন |
| ৪. | অফিসার ইন চার্জ এর প্রতিনিধি | সদস্য | সংশ্লিষ্ট থানা |
| ৫. | উপ সহকারী কৃষি কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট ইউনিয়ন |
| ৬. | জেলে/মৎস্যজীবী সমিতির প্রতিনিধি ৩ জন (জাতীয় মৎস্যজীবী সমিতি/বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি/মৎস্যজীবী, উপজাতি এবং হতদরিদ্র উন্নয়ন সোসাইটি/ বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ ইত্যাদি-এর যে কোন ৩টি সংগঠনের ৩ জন প্রতিনিধি) | সদস্য | সংশ্লিষ্ট ইউনিয়ন যে সকল মৎস্যজীবী সংগঠনের দৃশ্যমান কার্যক্রম চলমান সেইরূপ ৩টি সংগঠনের ৩ জন প্রতিনিধি জাতীয় মৎস্যজীবী সমিতি ও বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির সভাপতি/সদস্য সচিব এবং সংশ্লিষ্ট সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তার সমন্বয়ে মনোনীত হবেন। |
| ৭. | ইউনিয়ন দলপতি/দলনেত্রী, আনসার ও ভিডিপি | সদস্য | সংশ্লিষ্ট ইউনিয়ন |
| ৮. | সহকারী মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব | সংশ্লিষ্ট উপজেলা মৎস্য দপ্তর |

**কমিটির কার্যপরিধি:**

১. ইলিশ ও জাটকা জেলেদের প্রকৃত তালিকা প্রতিবছর হালনাগাদকরণ;

২. জাটকা ও মা ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে খাদ্য সহায়তা ও বিকল্প কর্মসংস্থান উপকরণ প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতি বছর সেপ্টেম্বর মাসের মধ্যে জেলেদের সংশোধিত তালিকা উপজেলা কমিটিতে দাখিল করবেন এবং উপজেলা কমিটি তালিকা যাচাই বাছাই করে সুফলভোগী জেলেদের অগ্রাধিকার তালিকা চূড়ান্ত করবেন;

৩. জাটকা ও মা ইলিশ রক্ষার জনমত গড়ে তোলার উদ্দেশ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, হাট-বাজার ও জেলে পল্লীতে ব্যাপকভাবে উদ্বুদ্ধকরণ ও প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন;

৪. জাটকা আহরণ ও ক্রয়-বিক্রয় বন্ধে এবং কারেন্ট জাল, বেহন্দি জালসহ অন্যান্য ক্ষতিকর জালের ব্যবহার বন্ধে অভিযান ও ভ্রাম্যমান আদালত পরিচালনায় সহায়তা করবেন;

-২-

৫. প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ আহরণ, পরিবহন ও ক্রয়-বিক্রয় বন্ধে অভিযান ও ভ্রাম্যমান আদালত পরিচালনায় সহায়তা করবেন;

৬. জাটকা ও মা ইলিশ রক্ষা কার্যক্রমের অগ্রগতি, সমস্যাদি পর্যালোচনা ও সুপারিশ বাস্তবায়ন করার জন্য প্রতি মাসে সভা করবেন;

৭. অভয়াশ্রমে মাছ আহরণ নিষিদ্ধ সময়ে বিশেষ পেট্রোলিং/অভিযানে সহায়তা করবেন;

৮. কমিটি প্রয়োজনে অন্য সদস্য কো-অপ্ট করতে পারবেন।

২০/১০/২০২৫

(ছাইদা আক্তার পরাগ)
উপসচিব
ফোন-৫৫১০০০৮১
ই-মেইলঃ fisheries-2@mofl.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান................................;
২. ইউনিয়ন পরিষদের সদস্য (সকল)..............................;
৩. ইউনিয়ন দলপতি/দলনেত্রী, আনসার ও ভিডিপি কর্মকর্তা...............;
৪. সহকারী মৎস্য কর্মকর্তা........................................;
৫. উপ সহকারী কৃষি কর্মকর্তা.......................................;
৬. কলেজ/উচ্চ বিদ্যালয়/প্রাথমিক বিদ্যালয়/ মাদ্রাসা-এর প্রধান...............;
৭. সভাপতি/ মহাসচিব, জাতীয় মৎস্যজীবী সমিতি ও বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (**সংশ্লিষ্টদেরকে পরিপত্রটি বিতরণ করার অনুরোধ সহ**);
২. জেলা প্রশাসক..............................................................;
৩. জেলা মৎস্য কর্মকর্তা......................................................;
৪. উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৬. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা...............................................;
৮. সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (**সংশ্লিষ্টদেরকে পরিপত্রটি বিতরণ করার অনুরোধ সহ**);
৯. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় **(পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
১০. অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।